সংবাদ

তারিখ : 22 AUG 2016
পৃষ্ঠা : ... কলাম : ...

# কুমিল্লা মডার্ন স্কুলে আদালতের রায় অমান্যের অভিযোগ

**প্রতিনিধি, কুমিল্লা**

কুমিল্লা মডার্ণ হাইস্কুল নিয়ে হাইকোর্টের রায় অমান্যের অভিযোগ ওঠেছে। গত ৩ দিনেও ওই রায় অনুযায়ী স্থানীয় প্রশাসন বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের নিকট দায়িত্ব বুঝিয়ে দেয়নি, উল্টো বিভিন্ন দফতরে চিঠি দিয়ে কালক্ষেপণ করছে। গত শনিবার দুপুরে নগরীর নজরুল এভিনিউ সড়কের মডার্ণ কমিউনিটি সেন্টারে সাংবাদিক সম্মেলন করে এ অভিযোগ করেন ওই বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রবীণ আওয়ামী লীগ নেতা অধ্যক্ষ আফজল খান অ্যাডভোকেট। এ সময় তার মেয়ে আঞ্জুম সুলতানা সীমাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। লিখিত বক্তব্যে আফজল খান বলেন, গত ১০ আগস্ট আরফানুল হক রিফাত এবং জমির-উদ্দিন জম্পীর নেতৃত্বে মডার্ণ হাইস্কুলের এডহক কমিটি করা হয়। পরে ওই কমিটির বিরুদ্ধে হাইকোর্টের রীট মামলা দায়ের করি। গত ১৪ আগস্ট শুনানি শেষে হাইকোর্ট এক রায়ে ওই এডহক কমিটির কার্যকারিতা স্থগিত করে দেয়। পরে সুপ্রিম কোর্টের চেম্বার অব জজ আদালতে আপিল মামলা দায়ের করা হলে গত ১৭ আগস্ট চেম্বার জজ কোন আদেশ না দিয়ে প্রধান বিচারপতির ফুলবেঞ্চে মামলাটি পাঠিয়ে দেয়া হয়। এরপর গত ১৮ আগস্ট থেকে এ পর্যন্ত কুমিল্লা জেলা প্রশাসন হাইকোর্টের রায় অনুযায়ী স্কুলটি আমাকে এবং আমার পরিচালনাধীন কমিটিকে বুঝিয়ে দেয়নি। এতে কুমিল্লা মডার্ণ হাইস্কুলের শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। অবিলম্বে হাইকোর্টের রায় অনুযায়ী কার্যকর ব্যবস্থা না নিলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তাদের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে মামলা দায়ের করবেন বলে তিনি জানান।